# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪৮৩

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৭) পরিপূর্ণরূপে এবং সঠিকভাবে ইমামতি করার প্রতি উদ্বুদ্ধকরণ আর এ রকম না করার প্রতি ভীতি প্রদর্শন

الترغيب في الإمامة مع الإتمام والإحسان والترهيب منها عند عدمهما

আরবী

(صحيح لغيره) و عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ يُصَلُّونَ لَكُمْ فَإِنْ أَصَابُوا فَلَكُمْ وَإِنْ أَخْطَئُوا فَلَكُمْ وَعَلَيْهِمْ . رواه البخاري وغيره وابن حبان في صحيحه

বাংলা

৪৮৩. (সহীহ্ লি গাইরিহী) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ ”ওরা তোমাদের ইমামতি করবে যদি তারা সঠিকভাবে নামায আদায় করে তাহলে তোমরা ছোয়াব লাভ করবে। আর যদি ওরা ভুল করে তাহলে তোমরা ছোয়াব পেয়ে যাবে কিন্তু তারা গুনাহগার হবে।”

(বুখারী প্রমূখ হাদীছটি বর্ণনা করেছেন ৬৯৪, ইবনে হিব্বান ২২২৫)

ইবনে হিব্বানও হাদীছটি বর্ণনা করেছেন। তবে তার বর্ণনা এরকমঃ

سيأتي أو سيكون أقوام يصلون الصلاة فإن أتموا فلكم(ولهم) وإن انتقصوا فعليهم ولكم

”অচিরেই এমন কিছু লোক আসবে বা হবে যারা নামাযের ইমামতি করবে, যদি তারা পরিপূর্ণভাবে নামায আদায় করে তাহলে তোমরা ছোয়াব পাবে এবং তারাও ছোয়াব পাবে। আর যদি তারা কোন ত্রুটি করে তাহলে তার গুনাহ সে ভোগ করবে, নামাযের ছোয়াব তোমরা পেয়ে যাবে।”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88263

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন